

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
'আমার বাড়ি আমার খামার' প্রকল্প
www.abak-rdcd.gov.bd

জরুরি

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.১০.০০২.১৮.৩৩৯

তারিখ: ৫ ভাদ্র ১৪২৬

২০ আগস্ট ২০১৯

বিষয়: **আমার বাড়ি আমার খামার প্রকল্পের (৩য় সংশোধিত) ঋণ অনুমোদন সহজিকরণ প্রসঙ্গে।**

আমার বাড়ি আমার খামার প্রকল্পের সমিতিভুক্ত সদস্যদের সমিতির তহবিল হতে ঋণ প্রদান প্রক্রিয়া সহজতর করার জন্য আইএমইডি মূল্যায়ন প্রতিবেদন সহ বিভিন্ন রিপোর্টে সুপারিশ করা হয়েছে। বর্তমানে ঋণের বিষয়ে সমিতি পর্যায়ে সিদ্ধান্ত হয়ে বিভিন্ন ধাপ পার হয়ে ঋণ প্রস্তাব নথি আকারে (হার্ডকপি ও সফটকপি) চূড়ান্ত অনুমোদনের জন্য উপজেলা নির্বাহী অফিসারের অনুমোদনের জন্য উপস্থাপন হয়। উপজেলা নির্বাহী অফিসার ঋণ প্রস্তাবের হার্ডকপি নথি অনুমোদনের পাশাপাশি অনলাইনে সফটকপিতে অনুমোদন প্রদান করেন। উপজেলা নির্বাহী অফিসারগণ কর্মব্যস্ততার কারণে অনেক সময় একই সাথে হার্ডকপি অনুমোদনের সাথে সাথে সফটকপি অনুমোদনের সময় ও সুযোগ পান না। ফলে ঋণ বিতরণে বিলম্ব ঘটে। তাই পল্লী সঞ্চয় ব্যাংক ঋণ অনুমোদন প্রক্রিয়া সহজতর করার লক্ষ্যে শুধুমাত্র হার্ড কপিতে উপজেলা নির্বাহী অফিসারের অনুমোদনের বাধ্যবাধকতা রেখে সফটকপি অনুমোদনের ক্ষমতা শাখা ব্যবস্থাপকের উপর অর্পণ করেছে। পল্লী সঞ্চয় ব্যাংক যেহেতু প্রকল্পের স্থায়ী রূপ সেহেতু প্রকল্পের ক্ষেত্রেও অনুরূপ সিদ্ধান্ত হলে ঋণ বিতরণ কিছুটা হলেও সহজিকরণ হবে। এমতাবস্থায়, নিম্নোক্ত নির্দেশনা জারি করা হলোঃ

- ১। আগামী ০১.০৯.২০১৯ তারিখ হতে প্রকল্পের আওতায় সকল ঋণ প্রস্তাবের হার্ডকপি উপজেলা নির্বাহী কর্মকর্তার অনুমোদন প্রদানের পর কম্পিউটার অপারেটর-কাম-হিসাব সহকারী অনলাইনে ঋণ প্রস্তাব তৈরী করে উপজেলা সমন্বয়কারীর নিকট পাঠাবেন;
- ২। উপজেলা সমন্বয়কারী ঋণ প্রস্তাবের হার্ড কপিতে উপজেলা নির্বাহী অফিসারের অনুমোদন থাকলে অনলাইনে তাঁর নিকট প্রেরিত ঋণ প্রস্তাবের সফটকপি অনুমোদন করবেন এবং ঋণ বিতরণের ব্যবস্থা গ্রহণ করবেন;
- ৩। উপরিউক্ত তারিখের পূর্বে প্রকল্পের প্রধান কার্যালয় হতে উপজেলা সমন্বয়কারীদের নতুন ইউজার আইডি ও পাসওয়ার্ড প্রদান করা হবে যার গোপনীয়তা বজায় রাখার দায় দায়িত্ব থাকবে উপজেলা সমন্বয়কারীর।

উপজেলা নির্বাহী অফিসারের অনুমোদন ব্যতিত কোন ঋণ প্রস্তাবের সফটকপি অনুমোদনের ক্ষেত্রে উপজেলা সমন্বয়কারী এককভাবে দায়ী থাকবেন। এ ছাড়া কোন ভুল ঋণ প্রস্তাব তৈরী, কোন সদস্যের অজান্তে তার নামে ঋণ প্রস্তাব তৈরী এবং মোবাইল নম্বর পরিবর্তন করে ঋণ বিতরণের মত অপরাধের ক্ষেত্রেও উপজেলা সমন্বয়কারীসহ সংশ্লিষ্ট কর্মচারীগণ দায়ী থাকবেন। প্রকল্পের সদস্যদের ঋণ পাওয়া সহজিকরণ করার লক্ষ্যে এ আদেশ প্রদান করা হলো। ঋণ বিতরণে উপরোক্ত নির্দেশাবলী সংশ্লিষ্ট সকলকে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।



২০-৮-২০১৯

আকবর হোসেন

প্রকল্প পরিচালক

ফোন: ৯৩৫৯০৮৩

ফ্যাক্স: ৯৩৪৮২০৬

ইমেইল: headoffice@ebek-
rdcd.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার (সকল)
..... উপজেলা জেলা।

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.১০.০০২.১৮.৩৩৯/১(১০)

তারিখ: ৫ ভাদ্র ১৪২৬
২০ আগস্ট ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১) সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক/ব্যাংক এশিয়া লিঃ/বিসিবিএল/ইউসিবিএল, ঢাকা।
- ৩) উপপ্রকল্প পরিচালক (সকল), আমার বাড়ি আমার খামার প্রকল্প, ঢাকা।
- ৪) জেলা প্রশাসক (সকল), জেলা।
- ৫) সিইও, ইরা ইনফোটেক লিমিটেড, ঢাকা।
- ৬) জেলা সমন্বয়কারী (সকল), জেলা।
- ৭) উপজেলা সমন্বয়কারী (সকল), উপজেলা জেলা।
- ৮) কম্পিউটার অপারেটর-কাম-হিসাব সহকারী (সকল), উপজেলা জেলা।
- ৯) জনাব/বেগম,।
- ১০) অফিস কপি, আবাবাখা প্রকল্প, প্রধান কার্যালয়, ঢাকা।



২০-৮-২০১৯

আকবর হোসেন
প্রকল্প পরিচালক